# সাত কলেজ ভর্তি-নির্দেশিকা

# বাণিজ্য ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান)
শিক্ষাবর্ষ ঃ ২০১৯-২০২০

**পরীক্ষার তারিখ ঃ ১৫ই নভেম্বর ২০১৯**
সকাল ঃ ১০:০০-১১:০০ টা
[উল্লেখ্য অনার্স কোর্স হবে চার বছর মেয়াদি]

বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের যথাক্রমে (১) ঢাকা কলেজ ; (২) কবি নজরুল সরকারি কলেজ ; (৩) ইডেন মহিলা কলেজ ; (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ ; (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (৬) সরকারি বাঙলা কলেজ এবং (৭) সরকারি তিতুমীর কলেজ -এর বাণিজ্য শাখার বিভাগসমূহে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের আসনসমূহ শুধু ছাত্রী এবং ঢাকা কলেজের আসনসমূহ শুধু ছাত্রদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়া সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ এবং সরকারি বাঙলা কলেজে ছাত্র-ছাত্রী উভয়েই ভর্তি হতে পারবে। উপর্যুক্ত কলেজসমূহের বাণিজ্য শাখার বিভাগসমূহে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির কোর্সে ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।

## ভর্তির যোগ্যতা ও প্রাথমিক আবেদনপত্র

১। উচ্চ মাধ্যমিক পর্যায়ে Business Studies / A Level/ Diploma in Business Studies/ Business Management-এ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে।

২। ২০১৯ সনের উচ্চমাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, শুধু তারাই আবেদন করতে পারবে।

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জি.পি.এ.-দ্বয়ের যোগফল অন্তত ৬.৫০ আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ এবং বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে অন্তত B গ্রেড (গ্রেড পয়েন্ট ৩.০) থাকতে হবে।

৪। জি.সি.ই 'ও' লেভেলে অন্তত ৫-টি বিষয়ে এবং 'এ' লেভেলে ২-টি বিষয় সহ মোট ৭টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। যাদের 'A' লেভেলে Business Studies/ Accounting/ Economics/ Mathematics-এর মধ্যে যে কোন একটি বিষয় ছিল, কেবল তারাই আবেদন করতে পারবে।

৫। বিদেশ থেকে অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করার পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিনের নিকট অনুমতি চেয়ে আবেদন করবে এবং অনুষদ কর্তৃক সমতা নিরূপণের পর এ অনুমতি পেলেই শুধু সংশ্লিষ্ট প্রার্থী আবেদন করতে পারবে। সমতা নিরূপণের ফি বাবত ভর্তিচ্ছুক প্রার্থীকে ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে। IGCSE/O Level এবং IAL/GCE/ A Level এবং Cambridge পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট নিম্নরূপ হবে: A=5.0 B=4.0 C=3.50, D=3

৬। **আবেদন ফি পরিশোধ করার পদ্ধতিঃ** আবেদনকারীকে দেশের রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড-এর সোনালী সেবার মাধ্যমে যে কোন অনলাইন শাখায় (ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা ব্যতিত) অথবা বিকাশ/রকেটের মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি ৪০০.০০ (চারশত) টাকা (সার্ভিস চার্জ ছাড়া) জমা দিতে হবে।

**সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে পেমেন্ট ঃ**

আবেদনকারী **7 College Admission website www.7collegedu.com** থেকে Payslip নিয়ে ২৯/১০/২০১৯ তারিখ বিকাল ৪ঃ০০ টার মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড-এর সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। আবেদনকারী টাকা জমা দেয়ার কমপক্ষে দুই কর্ম দিবস পরে পুনরায় 7 College Admission web site-এ যেতে হবে। কোনও ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে তার সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে।

**বিকাশ/রকেটের মাধ্যমে পেমেন্ট ঃ 7 College Admission website www.7collegedu.com** থেকে ২৯/১০/২০১৯ তারিখ বিকাল ৫ঃ০০ টার মধ্যে আবেদনকারী বিকাশ/রকেটের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। আবেদনকারী বিকাশ/রকেটের মাধ্যমে ভর্তি ফি প্রদান করার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। **(Payslip download করার প্রয়োজন নেই)**

**পেমেন্টের পর** বিকাশ/রকেটের **থেকে ফিরতি SMS (এসএমএস)-এ প্রাপ্ত লেনদেন আইডি টি সংরক্ষণ করতে হবে। আবেদনকারীকে web site Notice-এর মাধ্যমে প্রবেশপত্র সংগ্রহের তারিখ জানিয়ে দেওয়া হবে। আবেদনকারী আবেদন ফি পরিশোধ না করলে** সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭) অধিভুক্ত ৭ (সাত) কলেজসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের ওয়ার্ডকোটা,উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি,বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধা (সন্তান,নাতি-নাতনি) কোটায়ঃ প্রার্থী যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক; অনলাইনে ভর্তি ফরম পূরণের সময়ে সেই কোটায় অবশ্যই টিক চিহ্ন দিতে হবে।

## ভর্তি পরীক্ষা

৮। ভর্তি পরীক্ষা ১৫ই নভেম্বর ২০১৯ তারিখ (রোজ শুক্রবার) সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে।

৯। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান web site এর মাধ্যমে জানানো হবে।

১০। পরীক্ষা MCQ (Multiple Choice Question) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে। ভর্তি পরীক্ষায় কোন প্রকার Calculator বা তদ্রুপ কিছু ব্যবহার করা যাবে না।

১১।ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর/গ্রেড-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১২।মোট ২০০ নম্বরের ভিত্তিতে ছাত্র/ছাত্রীদের মেধা তালিকা তৈরী করা হবে। এজন্য ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ৬ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-কে ১০ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১২০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ২০০ নম্বরের উপর ছাত্র/ছাত্রীদের মেধা তালিকা তৈরী করা হবে।

১৩।ভর্তি পরীক্ষায় মোট ১০০টি প্রশ্নে ১২০ নম্বর থাকবে (১০০×১.২০) এবং পরীক্ষার জন্য ১ (এক) ঘন্টা সময় নির্ধারিত থাকবে।

১৪। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার ১২০ নম্বরের বন্টন নিম্নরূপ:

| ক) ব্যবসায় শিক্ষা | | নম্বর |
|---|---|---|
| বাংলা | (আবশ্যক) | (২০×১.২০) ২৪ |
| ইংরেজি | (আবশ্যক) | (২০×১.২০) ২৪ |
| হিসাববিজ্ঞান | (আবশ্যক) | (২০×১.২০) ২৪ |
| ব্যবসায় শিক্ষা | (আবশ্যক) | (২০×১.২০) ২৪ |
| মার্কেটিং/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং | (আবশ্যক) | (২০×১.২০) ২৪ |
| | | মোট= ১২০ |

খ) A Level

| | |
|---|---|
| English (Compulsory) | 30 |
| Advanced English (Compulsory) | 30 |
| Business Studies* | 30 |
| Accounting* | 30 |
| Economics* | 30 |
| Total = | 120 |

* Business Studies, Accounting ও Economics এই তিনটি বিষয়ের মধ্যে যে কোন দু'টি বিষয়ের উত্তর প্রদান করবে।

মেধাতালিকা প্রকাশ ও করণীয়

১৫। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ৫২১০ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। সর্বমোট ৪৮ নম্বর পেতে হবে। ভর্তির উপরোক্ত শর্ত কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে।

ভর্তির জন্য নির্বাচিত মোট ৫২১০ জনকে মেধা অনুসারে নিম্নলিখিত ৭-টি (সাতটি) কলেজের ভর্তির জন্য বিবেচনা করা হবে।

১৬।

| | |
|---|---|
| ঢাকা কলেজ | ৬০০ জন |
| কবি নজরুল সরকারি কলেজ | ৬০০ জন |
| ইডেন কলেজ | ১০৫৫ জন |
| বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ | ১৩০ জন |
| সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ | ৪০০ জন |
| সরকারি বাঙলা কলেজ | ৯৬০ জন |
| সরকারি তিতুমীর কলেজ | ১৪৬৫ জন |
| সর্বমোট= | ৫২১০ জন |

যদি কোন শিক্ষার্থী বিজ্ঞান ইউনিট হতে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটের কোন বিভাগে ভর্তি হতে চায় তাহলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে অনলাইনে বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে এবং অধিভুক্ত কলেজের বিধি মোতাবেক মেধার ভিত্তিতে আসন সংখ্যানুযায়ী বিভাগ নির্ধারণ করা হবে।

## বিভাগসমূহ

### ঢাকা কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ৩০০ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৩০০ জন |
| | ৬০০ জন |

### কবি নজরুল সরকারি কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ৩০০ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৩০০ জন |
| | ৬০০ জন |

### ইডেন মহিলা কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ৩৩০ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৩২০ জন |
| ৩) মার্কেটিং- | ২১৫ জন |
| ৪) ফিন্যান্স এন্ড ব্যাংকিং- | ১৯০ জন |
| | ১০৫৫ জন |

### বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ৬৫ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৬৫ জন |
| | ১৩০ জন |

### সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ২০০ জন |
| ২) ব্যবস্থাপনা- | ২০০ জন |
| | ৪০০ জন |

### সরকারি বাঙলা কলেজ

| | |
|---|---|
| ১) হিসাববিজ্ঞান- | ৩৬০ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৩৬০ জন |
| ৩) মার্কেটিং- | ১২০ জন |
| ৪) ফিন্যান্স এন্ড ব্যাংকিং- | ১২০ জন |
| | ৯৬০ জন |

### সরকারি তিতুমীর কলেজ

| | |
|---|---|
| ১) হিসাব বিজ্ঞান- | ৪৭৮ জন |
| ২) ব্যবস্থাপনা- | ৪৬২ জন |
| ৩) মার্কেটিং- | ২৭০ জন |
| ৪) ফিন্যান্স এন্ড ব্যাংকিং- | ২৫৫ জন |
| | ১৪৬৫ জন |

১৭। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিশেষ দ্রষ্টব্য:

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সংগে প্রয়োজনীয় সনদপত্র যথা-মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও অন্যান্য যে সব কাগজ জমা দিতে হবে সেগুলো হচ্ছে:

(১) প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
(২) উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
(৩) মাধ্যমিক শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।
(৪) অনলাইন ভর্তি ফরম পূরণের সময় কোটা সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন নতুন অন্তর্ভূক্তি গ্রহণ করা হবে না।
(৫) পরীক্ষার হলে ক্যালকুলেটার, মোবাইল ফোন বা তদ্রুপ যে কোন ডিভাইস ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।